অক্টোবর/২০২১ মাসের মাসিক সভার কার্যবিবরণী

সভার তারিখ ও সময় : ২৮ অক্টোবর/২০২১ খ্রিঃ, সকাল-১১.০০ টা

সভার স্থান : উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ, তাড়াইল

সভাপতি : জনাব মোঃ জহিরুল ইসলাম ভুঞা

চেয়ারম্যান, উপজেলা পরিষদ, তাড়াইল, কিশোরগঞ্জ

সভায় উপস্থিত সদস্যগণের বিবরণ-পরিশিষ্ট "ক" তে প্রদর্শিত হলো

সভাপতি উপস্থিত সকল সদস্যদেরকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অতঃপর উপজেলা নির্বাহী অফিসার, তাড়াইল, কিশোরগঞ্জ কে সভা পরিচালনার জন্য সভাপতি কর্তৃক অনুরোধ করা হয়। সভাপতির অনুরোধক্রমে উপজেলা নির্বাহী অফিসার সভার আনুষ্ঠানিক কার্যক্রম শুরু করেন। তিনি প্রথমেই সভায় উপস্থিত কমিটির সকল সদস্যদেরকে শুভেচ্ছা জানান। অতঃপর বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শুনান এবং সদস্যবৃন্দের নিকট সরবরাহকৃত কার্যবিবরণীতে কোন সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়।

বিভাগীয় কার্যক্রম সম্পর্কে আলোচনা :

ক্রঃনং	আলোচ্যসূচি	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী কর্তৃপক্ষ
০১	উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা জানান যে, কোভিড-১৯ এর১ম ডোজ টীকা প্রদান আগেই সমাপ্ত হয়েছে। অদ্য ২৮ অক্টোবর, ২০২১ হতে ২য় ডোজ টিকা প্রদানের প্রস্তুতি ইতোমধ্যে সম্পন্ন হয়েছে। বিভিন্ন টিকা ক্যাম্পে টিকা প্রদান চলছে। এছাড়া অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে অব্যাহত আছে।	সুষ্ঠুভাবে দাপ্তরিক কার্যক্রম পরিচালনাসহ সকল কার্যক্রম নীতিমালার আলোকে সম্পন্নের জন্য উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, তাড়াইলকে অনুরোধ করা হয়।	০১. উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা তাড়াইল।

০২। কৃষি বিভাগ :

ক্রঃনং	আলোচ্যসূচি	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী কর্তৃপক্ষ
০২	উপজেলা কৃষি অফিসার জানান ২০২০-২১ খরিফ-২ মৌসুমে রোপা আমন আবাদের লক্ষ্যমাত্রা ৭৪৪৫ হেক্টর। ইতোমধ্যে লক্ষ্যমাত্রা অর্জিত হয়েছে। মাঠ ফসলের অবস্থা ভালো, রবি-২০২১-২২ মৌসুমে সরিষা, মাসকলাই ও সবজি আবাদ শুরু হয়েছে। রবি প্রণোদনা কার্যক্রম শুরু হবে। উপজেলায় রাসায়নিক সার, বীজ ও কীটনাশক মজুদ পরিস্থিতি স্বাভাবিক। কোথাও কোন সঙ্কট নেই।	সুষ্ঠুভাবে দাপ্তরিক কার্যক্রম পরিচালনাহ নিয়মিত মাঠ ফসলের তদারকি অব্যাহত রাখায় সভার পক্ষ হতে তাকে ধন্যবাদ জ্ঞাপন করা হয়। তার দপ্তরের নিয়মিত কার্যক্রম অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হয়।	০১.উপজেলা কৃষি অফিসার, তাড়াইল।

০৩.প্রাণিসম্পদ বিভাগ :

ক্রঃনং	আলোচ্যসূচি	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী কর্তৃপক্ষ
০৩	উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা জানান যে তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। লাম্পি স্কীনের টিকা প্রদান কার্যক্রম চলমান আছে।	তার দপ্তরের নিয়মিত কার্যক্রম অব্যাহত রাখাসহ সকল কার্যক্রম নীতিমালার আলোকে সম্পন্নের জন্য উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা তাড়াইলকে অনুরোধ করা হয় ।	০১.উপজেলা প্রাণি সম্পদ অফিসার তাড়াইল।

০৪.স্থানীয় সরকার প্রকৌশল বিভাগ :

ক্রঃনং	আলোচ্যসূচি	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী কর্তৃপক্ষ
	উপজেলা প্রকৌশলী, এলজিইডি তিনি জানান প্রকলেল্পর রাস্তাঘাট মেরামতের কাজ শুরু হয়েছে। মাননীয় এমপি মহোদয়ের নির্দেশনা অনুযায়ী প্রকল্পগুলো বাস্তবায়ন করা হচ্ছে। তিনি উপজেলার সরকারি কোয়ার্টারের পরিবেশ নিয়ে অসন্তোষ প্রকাশ করেন। কোয়ার্টারে নেশাগ্রস্ত ও বখাটেদের আনাগোনার কথা জানান। সন্ধ্যায় বা রাতে সেখানে কোন আলোর ব্যবস্থা নেই বলে জানান। তিনি শিক্ষা অফিসের নিজস্ব ভবনে পি আই ও অফিস কক্ষ সংলগ্ন ওয়াশরুম নির্মাণ বিষয়ে জানান যেহেতু শিক্ষা অফিসের ভবনটি তাদের নিজস্ব ডিজাইনে করা হয়েছে সেহেতু ডিজাইনের বাইরে ওয়াশরুম নির্মাণের জন্য সংশ্লিষ্ট দপ্তরের অনুমোদন প্রয়োজন। তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।	মাননীয় এম পি মহোদয়ের নির্দেশানা অনুযায়ী প্রকল্প কাজ বাস্তবায়নে তাকে সভার পক্ষ হতে ধন্যবাদ জানানো হয়। কোয়ার্টারে পর্যাপ্ত আলোর ব্যবস্থাসহ নিয়মিত আইন-শৃঙ্খলা বাহিনীকে টহল অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়।	উপজেলা প্রকৌশলী, অফিসার ইনচার্জ তাড়াইল থানা

০৫.শিক্ষা বিভাগ :

ক্রঃনং	আলোচ্যসূচি	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী কর্তৃপক্ষ
০৫	উপজেলা শিক্ষা কর্মকর্তা জানান উপজেলার প্রাথমিক বিদ্যালয়গুলোতে ২টি শ্রেণীর ৩টি করে প্রতিদিন শ্রেণী পাঠদান চলছে। করোনাকালীন বিদ্যালয় বন্ধ থাকায় অনেক শিক্ষার্থী বিদ্যালয় পরিত্যাগ করে অন্যত্র চলে যাওয়ায় ছাত্র উপস্থিতি কমে গেছে। তিনটি প্রাথমিক বিদ্যালয়ের মাঠে বড় গাছ থাকায় পাকা ভবনের ছাদ ক্ষতিগ্রস্ত হচ্ছে। ০৩ (তিন) টি স্কুলের	বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদনের ও আলোচ্য সূচিতে অন্তর্ভূক্ত বিষয়গুলো সমাধান করার সিদ্ধান্ত গৃহীত হয়।	১.উপজেলা শিক্ষা অফিসার, তাড়াইল।

	সীমান নির্ধারণ করা জরুরী। ২০ (বিশ) টি স্কুলে পরিত্যাক্ত মালামাল, গাছ ও ভবন রয়েছে যা টেন্ডারের মাধ্যমে অপসারণ করা জরুরী। চারটি স্কুলের মাঠে মাটি ভরাট করার প্রয়োজন রয়েছে। তিনি ওয়াশরুম বিষয়ে জানান তার কর্তৃপক্ষের সাথে কথা বলেছেন উপজেলা মাসিক সভার সিদ্ধান্ত অনুযায়ী কার্যক্রম গ্রহণ করলে কর্তৃপক্ষের কোন আপত্তি থাকবে না। মাননীয় এমপি মহোদয়ের নির্দেশনা মোতাবেক পরিদর্শন চলমান আছে এবং তার দপ্তরের অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে মর্মে জানান।		

০৬. মৎস্য বিভাগ :

ক্রঃনং	আলোচ্যসূচি	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী কর্তৃপক্ষ
০৬	উপজেলা মৎস্য অফিসার জানান যে, চলতি ৪ অক্টোবর হতে ২৫ অক্টোবর পর্যন্ত ইলিশ সংরক্ষণ কার্যক্রম চলমান। তিনি জানান তাদের কার্যালয়ের কক্ষ সংকট রয়েছে। তিনি তাড়াইল সাচাইল ইউপি সার্ভার ষ্টেশন স্থানান্তর করে মৎস্য বিভাগকে বরাদ্দ দিলে তাদের কার্যক্রম গ্রহণে সুবিধা হবে।	বিভাগীয় কার্যক্রম সুষ্ঠভাবে সম্পাদনের সিদ্ধান্ত গৃহীত হয়।	১.উপজেলা মৎস্য অফিসার, তাড়াইল।

০৭.পরিবার পরিকল্পনা বিভাগ :

ক্রঃনং	আলোচ্যসূচি	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী কর্তৃপক্ষ
০৭	উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা জানান যে, তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিক।	বিভাগীয় কার্যক্রম সুষ্ঠভাবে সম্পাদনের সিদ্ধান্ত গৃহীত হয়।	০১. উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার তাড়াইল।

০৮.যুব উন্নয়ন বিভাগ :

ক্রঃনং	আলোচ্যসূচি	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী কর্তৃপক্ষ
০৮	উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা জানান , ০১ নভেম্বর জাতীয় যুব দিবস। তিনি দিবসটির প্রতিপাদ্য অনুযায়ী সকলের সতস্ফূর্ত অংশগ্রহণের মাধ্যমে দিবসটি সফল করতে সভায় সকলের সহযোগিতা কামনা করেন। তিনি আরও জানান উপজেলা পরিষদ সরকারী বাসা বাড়ী এলাকায় শুধু রাতে নয় দিনের বেলাও বখাটেদের পদচারনা লক্ষ্য করা যায় । তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান আছে, আপাদত কোন সমস্যা নেই।	বিভাগীয় কার্যক্রম সুষ্ঠভাবে সম্পাদনের সিদ্ধান্ত গৃহীত হয়।	১.উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, তাড়াইল।

০৯.পল্লী উন্নয়ন বিভাগ :

ক্রঃনং	আলোচ্যসূচি	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী কর্তৃপক্ষ
০৯	উপজেলা পল্লী উন্নয়ন অফিসার জানান যে, তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিক চলছে। তবে তিনি জানান জোড়া বাড়ীর অবস্থা খুবই নাজুক। ভবনটি সংস্কার করা প্রয়োজন, উপজেলা পরিষদ ফান্ডে তাদের জমাকৃত প্রায় ১০ লক্ষ টাকা রয়েছে। উক্ত টাকা হতে ভবনটি মেরামতের জন্য সভায় জোর অনুরোধ করেন। তিনি বিআরডিবি ভবনের সভাকক্ষ মেরামতেরও আহবান জানান।	বিভাগীয় কার্যক্রম সুষ্ঠভাবে সম্পাদনের সিদ্ধান্ত গৃহীত হয়।	১.উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, তাড়াইল।

১০.সমবায় বিভাগ :

ক্রঃনং	আলোচ্যসূচি	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী কর্তৃপক্ষ
১০	উপজেলা সমবায় কর্মকর্তা জানান যে, তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান আছে। আগামি ০৬ নভেম্বর, জাতীয় সমবায় দিবস তিনি দিবসের প্রতিপাদ্য অনুযায়ী দিবসটি সফল করতে সকলের সর্বাত্মক সহযোগিতা কামনা করেন।	বিভাগীয় কার্যক্রম সুষ্ঠভাবে সম্পাদনের সিদ্ধান্ত গৃহীত হয়।	০১.উপজেলা সমবায় কর্মকর্তা তাড়াইল।

১১.প্রকল্প বাস্তবায়ন বিভাগ :

ক্রঃনং	আলোচ্যসূচি	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী কর্তৃপক্ষ
১১	উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা জানান ২০২১-২২ অর্থ বছরের টি আর কাবিখা বারাদ্দ যা রয়েছে তার তালিকা পাওয়া গেছে। তিনি দার অফিস কক্ষ সংলগ্ন ওয়াশরুম নির্মাণ অনুমোদনের জন্য সকলকে ধন্যবাদ জানান।	বিভাগীয় কার্যক্রম সুষ্ঠভাবে সম্পাদনের সিদ্ধান্ত গৃহীত হয়।	১.উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, তাড়াইল।

১২.মহিলা বিষয়ক বিভাগ :

ক্রঃনং	আলোচ্যসূচি	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী কর্তৃপক্ষ
১২	উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা জানান যে, তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।	বিভাগীয় কার্যক্রম সুষ্ঠভাবে সম্পাদনের সিদ্ধান্ত গৃহীত হয়।	১.উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা

১৩.জনস্বাস্থ্য বিভাগ :

ক্রঃনং	আলোচ্যসূচি	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী কর্তৃপক্ষ
১৩	উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশলী জানান যে, তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিক। তিনি সরকারি কোয়ার্টারে যাতায়াতের রাস্তা ব্যবহার অনুপযোগী তা মেরামতের ও রাতে সড়ক বাতি জ্বালানোর আহবান জানান।	বিভাগীয় কার্যক্রম সুষ্ঠভাবে সম্পাদনের সিদ্ধান্ত গৃহীত হয়।	উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশলী, তাড়াইল

৪.মাধ্যমিক শিক্ষা বিভাগ :

ক্রঃনং	আলোচ্যসূচি	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী কর্তৃপক্ষ
১৪	মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা সভায় জানান যে, তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিক রয়েছে।	বিভাগীয় কার্যক্রম সুষ্টভাবে সম্পাদনের সিদ্ধান্ত গৃহীত হয়।	১। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার,তাড়াইল

১৫.ইন্সট্রাক্টর উপজেলা রির্সোস সেন্টার :

ক্রঃনং	আলোচ্যসূচি	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী কর্তৃপক্ষ
১৫	ইন্সট্রাক্টর, উপজেলা রির্সোস সেন্টার সভায় জানান যে, বিভাগীয় কার্যক্রম ভালভাবে চলছে। তিনি সকলের সহযোগিতা কামনা করেন।	বিভাগীয় কার্যক্রম সুষ্টভাবে সম্পাদনের সিদ্ধান্ত গৃহীত হয়।	ইন্সট্রাক্টর, উপজেলা রির্সোস সেন্টার, তাড়াইল

১৬.পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ :

ক্রঃনং	আলোচ্যসূচি	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী কর্তৃপক্ষ
১৬	আমার বাড়ী আমার খামার প্রকল্পের সমন্বয়কারী সভায় জানান যে, তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিক।	বিভাগীয় কার্যক্রম সুষ্টভাবে সম্পাদনের সিদ্ধান্ত গৃহীত হয়।	উপজেলা সমন্বয়কারী, একটি বাড়ি একটি খামার, তাড়াইল।

১৭.উপজেলা সমাজসেবা বিভাগ :

ক্রঃনং	আলোচ্যসূচি	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী কর্তৃপক্ষ
১৭	উপজেলা সমাজসেবা কর্মকর্তা সভায় জানান যে, তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিক রয়েছে বলে তিনি জানান।	বিভাগীয় কার্যক্রম সুষ্ঠভাবে সম্পাদনের সিদ্ধান্ত গৃহীত হয়।	০১. উপজেলা সমাজসেবা অফিসার, তাড়াইল। ০২. ইউঃ পিঃ চেয়ারম্যান (সকল), তাড়াইল

১৮.বন বিভাগ :

ক্রঃনং	আলোচ্যসূচি	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী কর্তৃপক্ষ
১৮	উপজেলা বনসংরক্ষণ কর্মকর্তা সভায় জানান যে, বিভাগীয় কার্যক্রম ভালভাবে চলছে। তিনি সকলের সহযোগিতা কামনা করেন।	উপজেলার বিভিন্ন সরকারী গাছ পালা বিভিন্ন জায়গায় পড়ে আছে তার নীতিমালা অনুযায়ী ব্যবস্থা নেয়ার জন্য বন কর্মকর্তাকে বলা হয়।	০১. উপজেলা বন সংরক্ষণ কর্মকর্তা,তাড়াইল

১৯.উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প, এলজিডি :

ক্রঃনং	আলোচ্যসূচি	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী কর্তৃপক্ষ
১৯	--	--	উপজেলা নির্বাহী অফিসার

২০.বিবিধ :

ক্রঃনং	আলোচ্যসূচি	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী কর্তৃপক্ষ
১৯	চেয়ারম্যান ধলা ইউপি : তিনি উপজেলা পরিষদের সীমানা প্রাচীর নির্মাণের জোর দাবী জানান। চেয়ারম্যান বিআরডিবি : তিনি জানান বিআরডিবি ভবনটি অনেক পুরানো হওয়ায় ভবনটির নিচের মাটি সরে গেছে। সেটি আরসিসির উপর নির্মিত তিনি ভবনের নিচে মাটি ভরাটের আহবান জানান ।	টি আর বরাদ্দ প্রাপ্তি সাপেক্ষে প্রকল্প বাস্তবায়ন করার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।	উপজেলা প্রকৌশলী, তাড়াইল, উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, তাড়াইল।

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সবাইকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(মোঃ জহিরুল ইসলাম ভুঞা)
চেয়ারম্যান উপজেলা পরিষদ
তাড়াইল, কিশোরগঞ্জ

স্মারক নং-০৫.৪১.৪৮৯২.০০০.০০.০১.২১-৬৬১(৬)/২৫

তারিখ : ২৮ অক্টোবর, ২০২১ খ্রিঃ

অনুলিপি সদয় অবগতি/কার্যার্থে :-

০১. জনাব মোঃ মুজিবুল হক চুন্নু, মাননীয় জাতীয় সংসদ সদস্য, কিশোরগঞ্জ-৩।
০২. সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৩. কমিশনার, ঢাকা বিভাগ ঢাকা।
০৪. জেলা প্রশাসক, কিশোরগঞ্জ।
০৫. উপ পরিচালক, স্থানীয় সরকার, কিশোরগঞ্জ।
০৬. ভাইস চেয়ারম্যান (উভয়), উপজেলা পরিষদ, তাড়াইল,কিশোরগঞ্জ।
০৭. উপজেলা...কর্মকর্তা, তাড়াইল,কিশোরগঞ্জ এবং সদস্য উপজেলা পরিষদ।
০৮. ইউপি চেয়ারম্যান (সকল), তাড়াইল,কিশোরগঞ্জ এবং সদস্য উপজেলা পরিষদ।
০৯. জনাব..তাড়াইল, কিশোরগঞ্জ।
১০. অফিস কপি।

২৮/১০/২০২১

উপজেলা নির্বাহী অফিসার
তাড়াইল, কিশোরগঞ্জ